

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

দ্বাদশ শ্রেণি

২য় মূল্যায়ন পরীক্ষা ২০২১

বিষয়ঃ যুক্তিবিদ্যা,

সময়ঃ ১.৩০ মিনিট

বিষয় কোডঃ ১২২

পূর্ণমান -৩০+২০=৫০

ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক এবং বাম পাশে সময় ।
প্রদত্ত উদ্দীপক গুলো মনোযোগ সহকারে পড়ে এবং সংশ্লিষ্ট
প্রশ্নগুলোর উত্তর দাও ।

প্রশ্ন ১।

দৃষ্টান্ত	পূর্ববর্তী ঘটনা (কারণ)	পরবর্তী ঘটনা (কার্য)
১ম	ক,খ,গ	চ,ছ,জ
২য়	ক,গ,ঘ	চ,ঝ,ঞ
৩য়	ক,ঘ,ঙ	চ,ট,ঠ

সুতরাং ক হলো চ এর কারণ ।

ক). কার্যকারণ নীতি কি?

খ). অবৈধ সার্বিকীকরণ অনুপপত্তি ঘটে কেনো?

গ). উদ্দীপকে কোনো প্রকার পরীক্ষণ পদ্ধতির ইঙ্গিত পাওয়া যায়?
ব্যাখ্যা করো ।

ঘ). উদ্দীপকে নির্দেশিত পদ্ধতি কী নিরীক্ষণের পদ্ধতি? উত্তরের
পক্ষে তোমার মতামত দাও ।

প্রশ্ন ২। নিচের উদ্দীপকের আলোকে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর
দাও ।

লাকী বলল, "এ জগৎ খুবই রহস্যময়। বিভিন্ন বই পুস্তক, জ্ঞানী
ব্যক্তি, দার্শনিক, পুরোহিত ও সমাজের প্রচলিত ধ্যানধারণার মাধ্যমে
আমরা এ জগতের রহস্যভেদ করার চেষ্টা করি। লাবু বলল, "এসব
ব্যক্তিদের আলোচনা থেকে মাধ্যাকর্ষণ নিয়ম, জোয়ার
ভাটা, জড়বস্তুর ভূমিতে পতন ইত্যাদি সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা
পাওয়া যায়। সুমন বলল, সাধারণ মানুষ এখনও বিশ্বাস করে
যে, জোয়ার ভাটা হয় কোনো আধ্যাত্মিক শক্তির ইচ্ছায় ।

ক). পরিশেষে পদ্ধতি কি?

খ). পুত্র সন্তান জন্মগ্রহণই ব্যবসায়ের উন্নতির কারণ-যুক্তিটির দোষ
নির্ণয় করো ।

গ). লাকীর বক্তব্য কোনো বিষয়ের উল্লেখ রয়েছে? আলোচনা
করো ।

ঘ). লাবু ও সুমনের বক্তব্যে যে, দুটি বিষয় প্রকাশিত হয়েছে তাদের
মধ্যে পার্থক্য দেখাও ।

প্রশ্ন ৩। দৃশ্যকল্প-১: প্রতিবছর আন্তঃজেলা ক্রিকেট লীগে 'ক'
কলেজের অধ্যক্ষ যে সব দিন সমূহ মাঠে উপস্থিত থাকেন সে সব
দিন সমূহে ঐ কলেজের দল জয়লাভ করে। আবার যে সব দিন সমূহ
উপস্থিত থাকেন নি সেসব দিনে পরাজয় বরণ করেছে। তাই ছাত্র-
ছাত্রী সহ সবার বন্ধমূল ধারণা হলো অধ্যক্ষের উপস্থিতিই হলো
খেলায় জয়লাভের কারণ ।

দৃশ্যকল্প-২: মহিম তার বন্ধু মশিউরকে বললো এ ভাবে খেলায়
জেতার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ সহজ মনে হলেও ঝুঁকিপূর্ণ একটি
পদ্ধতি। কারণ, পুরো বিষয়টি আমাদের পর্যবেক্ষণ বা নিরীক্ষণলব্ধ ।

ক). যৌথ অন্বয়ী -ব্যতিরেকী পদ্ধতিতে কী ধরনের দৃষ্টান্ত গুচ্ছের
প্রয়োজন হয়?

খ). যৌথ -অন্বয়ী ব্যতিরেকী পদ্ধতিতে কার্যকারণ সম্পর্ক প্রমাণ
করা সম্ভব নয় কোনো?

গ). দৃশ্যকল্প-১ এ কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের কোন ধরনের পদ্ধতির
প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো ।

ঘ). দৃশ্যকল্প-১ এ বর্ণিত পদ্ধতির ব্যাপারে দৃশ্যকল্প-২ এ মহিমের
বক্তব্যে যে অসুবিধা উল্লিখিত হয়েছে তা বিশ্লেষণ করো ।

যুক্তিবিদ্যা - দ্বিতীয় পত্র
(বহুনির্বাচনি অভীক্ষা)

১. পরীক্ষণাত্মক পদ্ধতি কি?

- ক). অবরোহাত্মক পদ্ধতি খ). কার্যকারণ সম্পর্ক নির্ধারণ পদ্ধতি
গ). আরোহাত্মক পদ্ধতি গ). সম্ভাবনার পদ্ধতি

২. অস্বয় পদ্ধতি কোন ধরনের?

- ক). পার্থক্যের পদ্ধতি খ). মিলের পদ্ধতি
গ). সমন্বিত পদ্ধতি ঘ). বিরোধ মূলক পদ্ধতি

৩. " আকাশ মেঘাচ্ছন্ন, সুতরাং বৃষ্টি হবে। " যুক্তিটি কোন ধরনের উপর প্রতিষ্ঠিত?

- ক). অস্বয়ী পদ্ধতির ওপর প্রতিষ্ঠিত
খ). ব্যতিরেকী পদ্ধতির ওপর প্রতিষ্ঠিত
গ). সহ পরিবর্তন পদ্ধতির ওপর প্রতিষ্ঠিত
ঘ). যৌথ-অস্বয়ী ব্যতিরেকী পদ্ধতির ওপর প্রতিষ্ঠিত

৪. ব্যতিরেকী পদ্ধতিতে কয়টি কয়টি দৃষ্টান্তের প্রয়োজন হয়?

- ক). ১ খ). ২ গ). ৩ ঘ). ৪

৫. ব্যতিরেকী পদ্ধতির সিদ্ধান্ত নিশ্চিত হয়। কারণ-

- i). এটি নিরীক্ষণের ওপর প্রতিষ্ঠিত
ii). এটি পরীক্ষণের ওপর প্রতিষ্ঠিত
iii). এটি গাণিতিক সূত্রের ওপর প্রতিষ্ঠিত
নিচের কোনটি সঠিক?

- ক). i খ). i, ii গ). iii ঘ). ii

৬. ব্যতিরেকী পদ্ধতির অপপ্রয়োগের ফলে কোন ধরনের অনুপপত্তি ঘটে?

- ক). দৃষ্টান্তের অনিরীক্ষণ অনুপপত্তি
খ). কাকতালীয় অনুপপত্তি
গ). অবৈধ সামান্যীকরণ অনুপপত্তি
ঘ). ভ্রান্ত নিরীক্ষণ অনুপপত্তি

৭. "ধূমকেতুর উদয় দুর্ভিক্ষের কারণ"- যুক্তিটিতে কোন ধরনের অনুপপত্তি ঘটে?

- ক). কাকতালীয় অনুপপত্তি
খ). দৃষ্টান্তের অনিরীক্ষণ
গ). ভ্রান্ত নিরীক্ষণ

ঘ). কার্যকারণ সংক্রান্ত অনুপপত্তি

৮. যৌথপদ্ধতি কোন কোন ধরনের পদ্ধতির সমন্বয়ে গঠিত?

- ক). ব্যতিরেকী ও সহ পরিবর্তন পদ্ধতি
খ). অস্বয়ী ও ব্যতিরেকী পদ্ধতি
গ). অস্বয়ী ও সহ পরিবর্তন পদ্ধতি
ঘ). সহ পরিবর্তন ও পরিশেষ

৯. যৌথ পদ্ধতির সিদ্ধান্ত-

- i). সম্ভাব্য ii). নিশ্চিত iii). অনিশ্চিত
নিচের কোনটি সঠিক?

- ক). i, ii খ). ii গ). i ঘ). i, iii

১০. " মেধাবী লোকদের হাতের লেখা খারাপ কিন্তু কম পরিশ্রমী লোকদের হাতের লেখা ভালো"- যুক্তিটিতে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?

- ক). প্রয়োজনীয় দৃষ্টান্তের অনিরীক্ষণ
খ). প্রয়োজনীয় অবস্থাবলীর অনিরীক্ষণ
গ). অবৈধ সামান্যীকরণ অনুপপত্তি
ঘ). ভ্রান্ত নিরীক্ষণ

১১. সহ পরিবর্তন কথাটির অর্থ হচ্ছে-

- i). সমপরিবর্তন
ii). বিপরীত পদ্ধতি
iii). একই সাথে পরিবর্তন
নিচের কোনটি সঠিক?

- ক). i খ). ii গ). iii ঘ). i, ii ও iii

১২. পরিশেষ পদ্ধতি কোন পদ্ধতির বিশেষ পরিবর্তিত রূপ?

- ক). অস্বয়ী পদ্ধতির খ). ব্যতিরেকী পদ্ধতি
গ). সহ পরিবর্তন পদ্ধতি ঘ). যৌথ অস্বয়ী পদ্ধতি

১৩. অস্বয়ী পদ্ধতির সিদ্ধান্তটি কোন ধরনের?

- ক). সম্ভাব্য খ). অসত্য গ). নিশ্চিত ঘ). সন্দেহজনক

১৪. " আম খেলে ফোঁড়া হয়" -সিদ্ধান্তটি

- i) অস্বয়ী পদ্ধতির অপপ্রয়োগ
ii). ব্যতিরেকী পদ্ধতির প্রয়োগ
ii). যৌথ পদ্ধতির প্রয়োগ
নিচের কোনটি সঠিক?

- ক). i খ). ii গ). iii ঘ). i, ii | iii

১৫. কার্যকারণ সম্পর্ক প্রমাণের পদ্ধতি কয়টি ?

- ক). ২ খ). ৩ গ). ৪ ঘ). ৫

১৬. যুক্তিবিদ মিলের মতে কার্যকারণ সম্পর্ক নির্ণয়ের পদ্ধতি সমূহ হলো-

- ক). বুদ্ধিবৃত্তিক খ). স্বভ্গামূলক গ). নৈতিক ঘ). অভিজ্ঞতা ভিত্তিক
১৭. মিল এবং বেন পরীক্ষণাত্মক পদ্ধতি গুলোকে কোন ধরনের পদ্ধতি হিসেবে অভিহিত করেছেন?

- ক). অপনয়নের পদ্ধতি খ). প্রকল্প প্রণয়নের পদ্ধতি গ). শ্রেণি করনের পদ্ধতি ঘ). বৌদ্ধিক পদ্ধতি

১৮. পরীক্ষণাত্মক পদ্ধতি সমূহের লক্ষ্য কি?

- ক). কার্যকারণ সম্পর্ক আবিষ্কার করা। খ). কার্যকারণ সম্পর্ক প্রমাণ করা
গ). কার্যকারণ সম্পর্ক আবিষ্কার ও প্রমাণ করা ঘ). কার্যকারণ প্রকৃতি নির্ধারণ করা।

১৯. অস্বয় পদ্ধতি কে কোন ধরনের পদ্ধতি বলা হয়?

- ক). আবিষ্কারের পদ্ধতি খ). প্রমাণের পদ্ধতি
খ). অপনয়ন পদ্ধতি ঘ). পার্থক্যের পদ্ধতি

২০. অস্বয়ী পদ্ধতিতে সিদ্ধান্ত গ্রহণের জন্য কয়টি দৃষ্টান্তের প্রয়োজন হয়?

- ক). ৩টি খ). ৪টি গ). ৫টি ঘ). দুই / ততোধিক